**AKASHVANI(Kolkata)**

**Regional News Unit**

**Date: 13-11-2025** **Time : 1-30 P.M**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কেন্দ্রীয় মন্ত্রিসভার সিদ্ধান্তে সন্তোষ ব্যক্ত করে বলেছেন, অনুমোদিত ‘ক্রেডিট গ্যারান্টি স্কিম’, ভারতীয় সামগ্রীকে যেমন বিশ্ব বাজারে পৌঁছে দেবে, তেমনই ব্যবসা পরিচালনাও সহজ হবে।

২/ ‘প্রজেক্ট চিতা’র অধীনে বৎসোয়ানা আজ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর উপস্থিতিতে ভারতকে ৮টি চিতা উপহার হিসেবে দেবে।

৩/ বিহার বিধানসভা নির্বাচনের আগামীকাল ভোটগণনা।

৪/ বাংলাদেশ মানবতাবিরোধী অপরাধ মামলায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, আগামী ১৭’ই নভেম্বর, রায় ঘোষণা করবে।

৫/ মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৩ দিনের দীর্ঘতম সরকারি অচলাবস্থার অবসান হয়েছে।

৫/ ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে দুই ম্যাচের টেস্ট সিরিজের প্রথমটি, আগামীকাল ইডেন গার্ডেন্সে শুরু হচ্ছে।

****************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, রপ্তানিকারকদের জন্য অনুমোদিত ‘ক্রেডিট গ্যারান্টি স্কিম’, ভারতীয় সামগ্রীকে বিশ্ব জুড়ে পৌঁছে দেবে, একইসঙ্গে ব্যবসা পরিচালনাও সহজ হবে। এই পদক্ষেপ, দেশকে আত্মনির্ভর হতে সাহায্য করবে বলে তিনি উল্লেখ করেন। গতকাল কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনুমোদিত এই সিদ্ধান্তের সামাজিক মাধ্যমে প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী। শ্রী মোদী আরো বলেন, এক্সপোর্ট প্রমোশন মিশন বা EPM, রপ্তানিক্ষেত্রে যেমন প্রতিযোগিতা বৃদ্ধি করবে, তেমনই ক্ষুদ্র, মাঝারি শিল্পোদ্যোগ এবং প্রথমবারের রপ্তানিকারকদের জন্য বিশেষভাবে সহায়ক হবে। গুরুত্বপূর্ণ খনিজ পদার্থের রয়্যালটির হার যথাযথ করার সিদ্ধান্তকে প্রধানমন্ত্রী সুস্থায়ী উন্নয়ন ও আত্মনির্ভরতার পথে বড় পদক্ষেপ বলে উল্লেখ করেছেন।

********************

কেন্দ্রীয় মন্ত্রিসভা গতকাল ‘রপ্তানি প্রসার মিশন’- EPM–এ অনুমোদন দিয়েছে। এই প্রকল্পে ব্যয় হবে ২৫ হাজার কোটি টাকার’ও বেশি। ২০২৫-২৬-এর কেন্দ্রীয় বাজেটে এই উদ্যোগ ঘোষিত হয়। অতিক্ষুদ্র, ক্ষুদ্র এবং মাঝারি শিল্পগুলি, নতুন রপ্তানিকারক এবং শ্রম নির্ভর ক্ষেত্রগুলির মধ্যে প্রতিযোগিতা বৃদ্ধি করতেই প্রকল্পের সূচনা। গতকাল সাংবাদিক সম্মেলনে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ জানান, চলতি অর্থ বর্ষ থেকে ২০৩০-৩১ অর্থবর্ষ পর্যন্ত রপ্তানিকে উৎসাহ দিতে এই মিশন একটি ডিজিটাল উপায়ে গঠিত সহজ ও সামগ্রিক কাঠামো তৈরি করবে। EPM বিভিন্ন বিচ্ছিন্ন প্রকল্পকে এক ছাতার তলায় নিয়ে এসে বিশ্বের বাণিজ্যের দরবারে প্রতিবন্ধকতা গুলোকে অতিক্রম করতে পারবে বলে আশ্বাস দিয়েছেন শ্রী বৈষ্ণ।

*******************

দিল্লি বিস্ফোরণ এর পর ভারতের প্রতি সমর্থন ও সংহতি জানানোয় বিদে মন্ত্রী ড. এস. জয়ঙ্কর দক্ষিণ কোরিয়ার বিদে মন্ত্রী চো হিউন এবং সিঙ্গাপুরের বিদে মন্ত্রী ভিভিয়ান বালাকৃষ্ণনের প্রতি কৃতজ্ঞতা প্রকা করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে ড. জয়ঙ্কর বলেছেন, ভারত সিঙ্গাপুর ও দক্ষিণ কোরিয়ার এই সহমর্মিতার জন্য কৃতজ্ঞ।

*******************

নিরাপত্তার কারণে দিল্লির লাল কেল্লা মেট্রো স্টেন পরবর্তী নির্দে না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে বলে মেট্রো রেল কর্পোরেন জানিয়েছে। সো্যাল মিডিয়ায় এক পোস্টে মেট্রো রেল বলেছে, অন্যান্য সব স্টেনের কাজকর্ম স্বাভাবিক থাকেবে।

উল্লেখ্য, গত সোমবার লাল কেল্লা মেট্রো স্টেনের কাছে গাড়ি বোমা বিস্ফোরণের পর ওই মেট্রো স্টেন বন্ধ করে দেওয়া হয়।

*******************

দক্ষিণ পশ্চিম দিল্লির মহীপালপুরে আজ সকালে বাসের টায়ার প্রবল ব্দে ফেটে গেলে, স্থানীয়দের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়। দমকল বিভাগ সূত্রে জানানো হয়েছে, সকাল ৯'টা ১৮ মিনিট নাগাদ খবর পেয়ে তড়িঘড়ি দমকলের তিনটি ইঞ্জিন সেখানে পৌঁছায়। তবে, সন্দেহজনক কিছুই পাওয়া যায়নি। তল্লার পর পুলি জানিয়েছে, ধৌলাকুঁয়াগামী একটি DTC বাসের টায়ার ফেটে গেলে ওই বিকট আওয়াজের সৃষ্টি হয়। পরিস্থিতি এখন স্বাভাবিক।

*******************

বৎসোয়ানা আজ প্রজেক্ট চিতার অধীনে  ভারতকে ৮টি চিতা উপহার দেবে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর উপস্থিতিতে একটি অনুষ্ঠানে চিতাগুলির প্রতীকী হস্তান্তর করা হবে। গতকাল গ্যাবোরোনে বতসোয়ানার রাষ্ট্রপতি ডুমা বোকোর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে এই হস্তান্তরের কথা ঘোষণা করা হয়। এই ঘটনা দুই দের মধ্যে বন্য পশু সংরক্ষণে দ্বিপাক্ষিক অংদারিত্বে নতুন অধ্যায়ের সূচনা করবে। ভারতে স্থানান্তরিত করার আগে চিতাগুলো কিছুদিনের জন্য কোয়ারেন্টাইনে থাকবে। এই হস্তান্তরের ফলে ভারতে চিতার সংখ্যা বৃদ্ধিও পাবে বলে মনে করা হচ্ছে।

*******************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ১৯ তারিখে তামিলনাড়ুর কোয়েম্বাটুর সফরে যাবেন। তিনি সেখানে দক্ষিণ ভারত প্রাকৃতিক কৃষি সম্মেলনে বক্তব্য রাখবেন। তামিলনাড়ুর কৃষক সংগঠনগুলি এই সম্মেলন এর আয়োজন করছে । প্রধানমন্ত্রী দক্ষিণ ভারতের ৫০ জন জৈব কৃষি বিষজ্ঞ ও বিজ্ঞানীর সঙ্গে মতবিনিময় করবেন। সম্মেলনে বিস্তৃত প্রাকৃতিক কৃষি নীতি নির্ধারণ করা হবে। আয়োজক কমিটির সমন্বয়ক পি.আর. পাণ্ডিয়ান জানিয়েছেন, এই উদ্যোগ কৃষকদের মধ্যে যেমন সচেতনতা বাড়াবে তেমনি প্রাকৃতিক কৃষি পদ্ধতি গ্রহণে তাদের উৎসাহিত করবে। তিনি আরও বলেন, সম্মেলনটি জনগণকে সঙ্গে নিয়ে এমন এক কৃষি আন্দোলন গড়ে তুলতে চায় যা অর্থনৈতিকভাবে লাভজনক এবং সামাজিকভাবে অন্তর্ভুক্তিমূলক। সম্মেলনে থাকছে ৩০০টি প্রদনী স্টল, বিষ্ট বিজ্ঞানী ও নীতিনির্ধারকদের সঙ্গে আলোচনা এবং প্রদনী।

*******************

বিহার বিধানসভা নির্বাচনের ভোটগণনা আগামিকাল। রাজ্যের ৩৮ টি জেলার ৪৬ টি গণনা কেন্দ্রে ভোটগণনা করা হবে। প্রার্থীদের রাজনৈতিক ভাগ্য বন্দী হয়ে থাকা ইলেক্ট্রনিক ভোটিং মেনগুলিকে কড়া নিরাপত্তায় স্ট্রং রুমে রাখা হয়েছে। ভোটগণনা শুরু হবে সকাল ৮ টায়।

এদিকে, দ্বিতীয় দফার নির্বাচনে কোন বুথেই পুনরায় ভোট গ্রহণের সুপারিশ করা হয়নি। এর ফলে এই প্রথম বিহারে কোথাও পুনর্নির্বাচন হচ্ছে না।

*******************

ফসলের অবশিষ্টাংশ বা নাড়া পোড়ানো আটকাতে গৃহীত ব্যবস্থা সম্পর্কে স্টেটাস রিপোর্ট জমা দিতে পাঞ্জাব এবং হরিয়ানা সরকারকে নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। এর জেরে জাতীয় রাজধানী অঞ্চল দিল্লিতে বায়ু দূষণ বাড়ছে বলে অভিযোগ করে মামলা দায়ের হয়েছিল শীর্ষ আদালতে। প্রধান বিচারপতি বিআর গাভাই এবং বিচারপতি কে বিনোদ চন্দ্রনের বেঞ্চ জানিয়েছেন, আগামী সপ্তাহে এই মামলার শুনানি হবে।

*******************

পাঞ্জাব দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, PPCB রাজ্যে প্লাস্টিক দূষণ কমাতে দেশের প্রথম বিশেষ ধরনের উদ্যোগ নিয়েছে। মোহালি, জলন্ধর, লুধিয়ানা, অমৃতসর, পাটিয়ালা এবং ভাতিন্ডায় পর্ষদ, প্লাস্টিক ওয়েস্ট ব্র্যান্ড অডিট–২০২৫ পরিচালনা করেছে। সমীক্ষায় কোন কোম্পানি সবচেয়ে বেশি প্লাস্টিক বর্জ্য তৈরি করছে সে বিষয়ে বিস্তারিত তথ্য উঠে এসেছে। দেখা গেছে ১৪টি বড় কোম্পানি—যার মধ্যে চারটি বহুজাতিক—পুনর্ব্যবহার কঠিন এমন প্লাস্টিকের প্রধান উৎস।

*******************

কেন্দ্রীয় সরকার সিকিমের লেপচা সম্প্রদায়ের দুটি বাদ্যযন্ত্র- টুংবুক এবং পুমটং পুলিটকে Geographical Indication নিবন্ধিকরণ করেছে। টুংবুক একটি তিন তারযুক্ত বাদ্যযন্ত্র, এবং পুমটং পুলিট একটি বাঁশের তৈরি বাঁশি। গত ৫-ই নভেম্বর কেন্দ্রীয় সরকারের ভৌগোলিক নির্দেশক রেজিস্ট্রির বাদ্যযন্ত্র বিভাগের অধীনে এগুলির আনুষ্ঠানিক নথিভুক্তি হয়েছে। নতুনদিল্লিতে অনুষ্ঠিত সংস্কৃতি, উপজাতি বিষয়ক এবং বাণিজ্য ও শিল্প মন্ত্রক কর্তৃক আয়োজিত প্রথম উপজাতীয় ব্যবসায়িক সম্মেলনে গতকাল আনুষ্ঠানিকভাবে এই শংসাপত্র প্রদান করা হয়েছে। টুংবুক এবং পুমটং পুলিটের জন্য GI ট্যাগের আবেদন জমা দেওয়া উগেন পালজোর লেপচা এবং নামগিয়াল লেপচা এই শংসাপত্র গ্রহণ করেন।

*******************

বাংলাদেশ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আজ ঘোষণা করেছে যে আগামী সোমবার, ১৭ নভেম্বর, তারা মানবতাবিরোধী অপরাধ মামলার রায় ঘোষণা করবে। অপসারিত প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার দুই প্রাক্তন শীর্ষ সহযোগীর বিরুদ্ধে মামলায় ট্রাইব্যুনাল-১ এর তিন সদস্যের বিচারক প্যানেল রায়দানের এই তারিখ নির্দিষ্ট করেছে। ট্রাইব্যুনাল জানিয়েছে, এই বিচার প্রক্রিয়া গত বছরের জুলাই মাসে গণঅভ্যুত্থানের সময় অপরাধের সঙ্গে সম্পর্কিত। ওই সময় ব্যাপক হিংসা ও রাজনৈতিক অস্থিরতার পর আগস্টে আওয়ামী লীগ সরকার পতন ঘটে।

শেখ হাসিনার পাশাপাশি সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এবং প্রাক্তন পুলিশ মহাপরিদর্শক চৌধুরী আবদুল্লাহ আল-মামুনের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে।

*******************

মার্কিন যুক্তরাষ্ট্রে দীর্ঘতম সরকারী অচলাবস্থা সমাপ্ত হয়েছে। রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প কংগ্রেসে পাস হওয়া আইনটিতে স্বাক্ষর করেছেন, ফলে সাময়িকভাবে সরকারের অন্তর্বর্তী কাজকর্মের জন্য অর্থের জোগান নিশ্চিত হয়েছে। রিপাবলিকান ও ডেমোক্র্যাটদের মধ্যে টানাপোড়েনের কারণে টানা ৪২ দিন সরকার কার্যত অচল ছিল। গতকাল প্রতিনিধি পরিষদ সিনেটে পাস হওয়া আইন অনুমোদন করলে

অচলাবস্থা ভাঙে। প্রাক্তন রাষ্ট্রপতি বারাক ওবামার সময় চালু হওয়া জনপ্রিয় স্বাস্থ্যবিমা কর্মসূচি ‘ওবামাকেয়ার’-এর ভর্তুকি বাড়ানোর দাবি গৃহীত না হওয়ায় এটিকে ডেমোক্র্যাটদের জন্য বড় ধাক্কা বলে মনে করছে ওয়াকিবহাল মহল।

*******************

দেশের শেয়ার বাজারে আজ কিছুটা উর্দ্ধগতি। বম্বে শেয়ার বাজারে সূচক সেনসেক্স শেষ খবর অনুযায়ী ২৮৭ পয়েন্ট বেড়ে ৮৪ হাজার ৭৫৪ পয়েন্ট-এ রয়েছে। অন্যদিকে জাতীয় শেয়ার সূচক নিফটি ৮৬ পয়েন্ট বেড়ে ২৫ হাজার ৯৬২ পয়েন্টে রয়েছে। উর্ধগতি টেলি যোগাযোগ, ধাতুর মতো ক্ষেত্রগুলিতে।

*******************

৩১ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শেষ হচ্ছে আজ। সেরা ছবি ও সেরা পরিচালকদের সম্মান জানানো হবে বিকেলে রবীন্দ্রসদনে। দুপুরে বাংলা একাডেমি সভা ঘরে “সুর যখন সিনেমায় পরিণত হয়" শীর্ষক আলোচনায় অংশ নেন বিশিষ্ট সুরকার শান্তনু মৈত্র। এবারের উৎসবে ৩৯ টি দেশের ২১৫ টি ছবি প্রদর্শিত হয় ২১টি প্রেক্ষাগৃহে। আন্তর্জাতিক বিভাগে সেরা চলচ্চিত্রটি প্রদর্শিত হবে সন্ধ্যে সাতটায় নন্দনের মূল প্রেক্ষাগৃহে।

*******************

ভারত-দক্ষিণ আফ্রিকার দু-ম্যাচের ক্রিকেট টেস্ট সিরিজ আগামিকাল থেকে শুরু হচ্ছে। প্রথম ম্যাচ অনুষ্ঠিত হবে কলকাতার ইডেন গার্ডেনে। এর আগে ঘরের মাঠে টেস্ট সিরিজে ওয়েস্ট ইন্ডিজকে পরাজিত করে শুভমন গিলের নেতৃত্বে ভারতীয় দল দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে আত্মবিশ্বাসের সঙ্গে খেলতে নামবে বলেই মনে করা হচ্ছে। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের র‍্যাঙ্কিং এ ভারত বর্তমানে তৃতীয় স্থানে রয়েছে। ভারতের সহকারী কোচ রায়ান টেন ডয়েসচাতে বলেন, দক্ষিণ আফ্রিকার সঙ্গে ভারতের এই সিরিজ আগামী বছর বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে খেলার জন্য বিশেষ গুরুত্বপূর্ণ।

*******************

গোয়ায় চলতি FIDE দাবা বিশ্বকাপে, ভারতের অর্জুন এরিগাইসি, রমেশবাবু প্রজ্ঞানন্দ এবং পেন্টালা হরিকৃষ্ণ আজ রাউন্ড-৪ টাই-ব্রেকে খেলবেন। খেলাগুলি শুরু হবে বিকেল ৩-টেয়। উল্লেখ্য, অর্জুন হাঙ্গেরির পিটার লেকোর বিরুদ্ধে ড্র করেছিলেন। অন্যদিকে, প্রজ্ঞানন্দ ড্র করেন রাশিয়ার ড্যানিল ডুবভের বিরুদ্ধে। হরিকৃষ্ণ সুইডেনের নীলস গ্র্যান্ডেলিয়াসের বিরুদ্ধে ড্র করেন। অন্যদিকে, প্রণব ভেঙ্কটেশ নোদিরবেক ইয়াকুববোয়েভের কাছে পরাজিত হয়েছেন। কার্তিক ভেঙ্কটারমনকে পরাস্ত করেন লিম কোয়াং লে।

*************************************************************